FEB. 18 2001

তারিখ ...... পৃষ্ঠা ১০ কলাম ৫

দৈনিক ইত্তেফাক


# নিরক্ষরমুক্ত নগরী গড়িতে সিটি কর্পোরেশনের অঙ্গীকার

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম মহানগরীকে নিরক্ষরমুক্ত নগরীতে পরিণত করার লক্ষ্যে 'অগ্রণী চট্টগ্রাম' গৃহীত কর্মসূচীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের অঙ্গীকার করা হইয়াছে সিটি কর্পোরেশনের পক্ষ হইতে। এ লক্ষ্য বাস্তবায়নে আগামী ১৫ দিনের মধ্যে সাড়ে ৫ হাজার কেন্দ্র চালু করিয়া নিরক্ষরতা দূরীকরণ অভিযান শুরু করার জন্যও কর্পোরেশনের পক্ষ হইতে আহ্বান জানান হইয়াছে। নিরক্ষতা দূরীকরণ কর্মসূচীতে অংশগ্রহণের জন্য সিটি কর্পোরেশন পরিচালিত ৪১০টি ফোরকানিয়া মাদ্রাসার ছাত্র ও শিক্ষকগণকে প্রস্তুত রাখা হইয়াছে। এছাড়া বিভিন্ন ক্লাব ওয়ার্ড কার্যালয় ওয়ার্ড কমিশনারদের বাড়ীর আঙ্গিনাকে এই কর্মসূচী পালনের কাজে লাগান হইবে।

গত ১১ই ফেব্রুয়ারী এ উপলক্ষে অনুষ্ঠিত এক সভায় প্রধান অতিথির ভাষণে সিটি মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী বলেন কর্পোরেশন বতমান ৪০টি উচ্চ বিদ্যালয় ৮টি কলেজ, ১ টি আইআইবিটি, ১টি কম্পিউটার কলেজ, বয়স্ক শিক্ষা কেন্দ্র, সংস্কৃতি কেন্দ্র, ৪১০টি ফোরকানিয়া মাদ্রাসা পরিচালনা করিয়া শিক্ষা বিস্তারে কাজ করিয়া আসিতেছে।

সিটি কর্পোরেশন মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন এডিসি (শিক্ষা) মোহাম্মদ আবদুল কুদ্দুস। বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন কর্পোরেশনের শিক্ষা কর্মকর্তা মোঃ আবদুল ওয়াজেদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ দেলোয়ার হোসেন প্রমুখ।